গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
আক্কেলপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ
আক্কেলপুর, জয়পুরহাট।
E-mail: tscakkelpur@gmail.com
Website: www.tscakkelpur.edu.bd

স্মারক নং: টিএসসি/আক্কেলপুর/২০২২/৩১৫ তারিখ: ২৯/১২/২০২২ খ্রি:।

## অতিথি বক্তা সম্পৃক্তকরণ পুন:বিজ্ঞপ্তি

"১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) স্থাপন '' শীর্ষক প্রকল্পের আওতায় নব নির্মিত টেকনিক্যাল স্কুল ও কলেজে ক্লাশ পরিচালনার জন্য অতিথি বক্তা সম্পৃক্তকরণ নীতিমালা-২০২১ এর আলোকে আক্কেলপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, আক্কেলপুর জয়পুরহাট এ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে অতিথি অতিথি বক্তা সম্পৃক্তকরণের জন্য আগামী ২৯/১২/২০২২ হতে ০৫/০১/২০২৩ খ্রি: মধ্যে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | সম্মানী |
|---|---|---|---|---|
| ১ | অতিথি বক্তা (Guest speaker) সিভিল কন্সট্রাকশন এন্ড সেফটি | ১ জন | সংশ্লিষ্ট বিষয়/টেকনোলজিতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ/জিপিএ তে বি.এস.সি. ইন ইঞ্জি:/ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। | ১। একজন অতিথি বক্তা প্রতি পিরিয়ড (৪৫ মি) ৪০০/ (চারশত টাকা) হারে সম্মানী প্রাপ্য হবেন।<br>২। একজন অতিথি বক্তা মাসে সর্বোচ্চ ৯৬টি ক্লাশ গ্রহণ করতে পারবে।<br>৩। বিধিমোতাবেক বিল থেকে ভ্যাট/আয়কর কর্তন করা হবে।<br>৪। একাউন্ট পেয়ি চেকের মাধ্যমে অতিথি বক্তাদের সম্মানী পরিশোধ করা হবে। |
| ২ | অতিথি বক্তা (Guest speaker) ফার্ম মেশিনারি | ১ জন | সংশ্লিষ্ট বিষয়/টেকনোলজিতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ/জিপিএ তে বি.এস.সি. ইন ইঞ্জি:/ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। | |
| ৩ | অতিথি বক্তা (Guest speaker) সামাজিক বিজ্ঞান | ১ জন | সামাজিক বিজ্ঞান বিষয়ে নূন্যতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ/জিপিএ তে স্নাতকোত্তর অথবা ০৪ (চার) চছর মেয়াদি স্নাতক ডিগ্রী ।<br>কম্পিউটারে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে। | |
| ৪ | অতিথি বক্তা (Guest speaker) ধর্ম ও নৈতিক শিক্ষা | ১ জন | আরবি/ইসলাম শিক্ষা বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ/জিপিএ তে স্নাতকোত্তর অথবা ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক ডিগ্রী ।<br>কম্পিউটারে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে। | |
| ৫ | অতিথি বক্তা (Guest speaker) ফিজিক্যাল এডুকেশন | ১ জন | সরকার স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে ২য় শ্রেণির সমতুল্য সিজিপিএসহ স্নাতক ডিগ্রিসহ ফিজিক্যাল এডুকেশনে ডিপ্লোমা অথবা ২য় শেণির বা সমমানের সিজিপিএতে বিপিএড; অথবা যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রীসহ শারীরিক শিক্ষা বিষয়ে ডিপ্লোমা অথবা যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রীসহ শারীরিক শিক্ষা বিষয়ে ডিপ্লোমা ডিগ্রী; এবং শিক্ষা জীবনে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।কম্পিউটারে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে। | |

**অভিজ্ঞতা ও শর্তাবলী:**

১। কোর্স সংশ্লিষ্ট শিল্পপ্রতিষ্ঠানের বিশেষজ্ঞ/অবসরপ্রাপ্ত টেকনিক্যাল স্কুল ও কলেজ/পলিটেকনিক ইন্সটিটিউটের বিষয় ভিত্তিক শিক্ষকবৃন্দ।
২। সংশ্লিষ্ট টেকনোলজিতে অভিজ্ঞতাসম্পন্ন স্থানীয় পর্যায়ের দপ্তর সমূহের কর্মরত কর্মকর্তাবৃন্দ।
৩। ট্রেড/বিষয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়/টেকনোলজিতে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পাশ তবে NTVQF সনদধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।
৪। আবেদনপত্রের সাথে ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, NID কার্ডের সত্যায়িত ফটোকপি, নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্রও সকল শিক্ষাগত যোগ্রতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
৫। আবেদনপত্র আগামী ০৫/০১/২০২৩ তারিখ বেলা ১.০০ ঘটিকার মধ্যে অধ্যক্ষ, আক্কেলপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, আক্কেলপুর, জয়পুরহাট ঠিকানায় ডাকযোগে বা সরাসরি পৌছাতে হবে। ০৫/০১/২০২৩ তারিখ বিকালে অত্র প্রতিষ্ঠানের নোটিশবোর্ডে ও ওয়েব সাইট: http://tscakkelpur.edu.bd এবং উপজেলা নির্বাহী কর্মকর্তার website (www.akkelpur.joypurhat.gov.bd) যোগ্য প্রার্থির তালিকা প্রকাশ করা হবে। আগামী ০৮/০১/২০২৩ তারিখ সকাল ১০.০০ টায় লিখিত/সাক্ষাৎকার অত্র প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে।
৬. বিজ্ঞপ্তির শর্ত পূরণ হয়নি এমন আবেদন বাতিল বলে গন্য হবে।
৭। অতিথি বক্তা সম্পৃক্তকরণ বাছাইপরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোনপ্রকার ভ্রমণভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবেনা।
৮। অতিথিবক্তাগণ শুধুমাত্র আমন্ত্রণের প্রেক্ষিতে একাডেমিক কার্যক্রমে সম্পৃক্ত থাকবেন।
৯। নিত্যান্তই এই অতিথি বক্তা সম্পৃক্তকরণ ব্যবস্থা সম্পুর্ন অস্থায়ী এবং এই সাময়িক ব্যবস্থাপণার সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়েগের কোন সম্পর্ক নেই। কর্তৃপক্ষ প্রয়োজন বোধে এ সংক্রান্ত নীতিমালা পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।
১০। উত্তীর্ণ প্রার্থীদের ফলফল পরবর্তীতে মোবাইল/ই-মেইলের মাধ্যমে জানানো হবে।

(গৌতম কুমার মন্ডল)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
আক্কেলপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ
আক্কেলপুর, জয়পুরহাট
ও
সদস্য সচিব
অতিথিবক্তা সম্পৃক্তকরণ কমিটি।

স্মারক নং: টিএসসি/আক্কেলপুর/২০২২/৩১৫(০৬)

তারিখ: ২৯/১২/২০২২ খ্রি:।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।
২। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, রাজশাহী অঞ্চল, শেরপুর, বগুড়া।
৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, আক্কেলপুর, জয়পুরহাট।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আক্কেলপুর, জয়পুরহাট।
৫। একাডেমিক ইনচার্জ, অত্র প্রতিষ্ঠান।
৬। নথি।

29/12/2022

(গৌতম কুমার মন্ডল)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
আক্কেলপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ
আক্কেলপুর, জয়পুরহাট
ও
সদস্য সচিব
অতিথিবক্তা সম্পৃক্তকরণ কমিটি।

29/12/22

29.12.22

তাং- 29/12/22